অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/14/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক স্টেট পর্যটন শিল্পকে সাহায্য করতে $40 মিলিয়ন গ্লোবাল ক্যাম্পেনের দ্বিতীয় পর্যায়ের ঘোষণা করেছেন গভর্নর কুওমো

দুটি নতুন স্পট যাতে রয়েছে বিশ্ব-মানের আপস্টেট নিউ ইয়র্ক আকর্ষণ থেকে এয়ার অন ব্রডকাস্ট টিভি, স্ট্রিমিং পরিষেবা এবং অনলাইন; সমগ্র গ্রীষ্মে বিজ্ঞাপন চলবে

"Come Be A Part of It" (এর একটি অংশ হয়ে যাক) এর জন্য মহামারি-পরবর্তী সময়ের প্রচারের মাধ্যমে দেশীয় এবং আন্তর্জাতিক ভিজিটরদের আমন্ত্রণ করা হয়

বিজ্ঞাপনগুলি দেখুন এখানে এবং এখানে

স্টেটের পর্যটন শিল্পকে পুনরায় জাগিয়ে তুলতে সাহায্য করার জন্য গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক-এর $40 মিলিয়ন ক্যাম্পেনের দ্বিতীয় পর্যায়ের ঘোষণা করেছেন। দুটি নতুন স্পটে রয়েছে স্টেটের বিভিন্ন অঞ্চলজুড়ে বিশ্ব-মানের আকর্ষণ, নিউ ইয়র্ক এর বিস্তীর্ণ এলাকা এবং বৈচিত্রের প্রচার। এই ক্যাম্পেনটি সমগ্র স্টেট সর্বোপরি প্রতিবেশী ড্রাইভ মার্কেটজুড়ে ব্রডকাস্ট টিভি, স্ট্রিমিং পরিষেবা এবং অনলাইনে চলবে। পর্যটন বৃদ্ধি করার অংশ হিসাবে সমগ্র বছর ধরে সারা স্টেটে গ্রীষ্ম চলাকালীন এই স্পটগুলি চালু থাকবে।

"প্রতিদিন আরও বেশি ভ্যাকসিন ডোজের মাধ্যমে আমরা COVID-19 কে পরাজিত করে New York-কে স্বাভাবিক করে তুলছি। পর্যটনের মাধ্যমে আবার রোজগার শুরু করতে সমস্ত স্টেটকে এবার নিজেদের আকর্ষণীয় জিনিসগুলির প্রচার করতে হবে," **বলেছেন গভর্নর কুওমো।** "স্টেটজুড়ে পর্যটন এবং অর্থনৈতিক উন্নয়নের সুযোগ তৈরি করতে আমাদের $40 মিলিয়ন ক্যাম্পেনের সর্বশেষ অংশ হল এই দুটি নতুন স্পট এবং এগুলি আমাদের সুন্দর আপস্টেট নিউ ইয়র্-এর সৌন্দর্যের সম্পদগুলিতে নজর দেবে। বিভিন্ন মার্কেট এবং স্টেটের সীমান্তজুড়ে ভিজিটরদের কাছে আমরা আমাদের স্টেটের প্রচার করছি এবং এই ভয়ঙ্কর মহামারিকে হারিয়ে নিউ ইয়র্ক স্টেটের ঘুরে দাঁড়ানো দেখতে এবং ভবিষ্যতের দিকে এগিয়ে যাওয়ার জন্য আমি অপেক্ষা করছি।"

স্টেটে ধীরে ধীরে সবকিছু স্বাভাবিক হওয়ার সাথে সাথে এই ক্যাম্পেনের মাধ্যমে স্টেটের পর্যটন ক্ষেত্র মজবুত হবে এবং অর্থনীতিও ঘুরে দাঁড়াতে পারবে। গ্রীষ্মকালের নতুন স্পটগুলির মাধ্যমে নিউ ইয়র্ক শহরের বাইরে বিভিন্ন মরসুমি এবং আউটডোর আকর্ষণগুলির উপর নজর দেওয়া হবে। ঐতিহাসিক বোল্ড্ট ক্যাসেল (Boldt Castle) এবং সারাটোগা রেস কোর্স (Saratoga Race Course)সহ দ্য গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার, কুপারস বিচ (Cooper's Beach) এর মতো প্রিয় এবং বিখ্যাত ক্রাফ্ট বেভারেজ গন্তব্য ভাঁটিখানা ওমেগাং (Brewery Ommegang) এতে উল্লেখযোগ্যভাবে রয়েছে। এছাড়া বিজ্ঞাপনগুলির মাধ্যমে নর্থ কাউন্টির ওয়াইল্ড সেন্টার, হাডসন ভ্যালির আর্ট সেন্টার এবং লেক প্লেসিড ক্লিফসাইড

মাউন্টেন কোস্টারের মতো স্টেটের বিশ্বমানের আউটডোর আকর্ষণগুলি হাইলাইট করা হয়। এছাড়া লেচওয়ার্থ স্টেট পার্ক, নায়াগ্রা জলপ্রপাত স্টেট পার্ক এবং ওয়াটকিনস স্টেট পার্কও এর মধ্যে আছে, যা ভিজিটরদেরকে অতুলনীয় ভিউ এবং অসীম আনন্দ দেয়।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অ্যাক্টিং কমিশনার এবং প্রেসিডেন্ট এবং সিইও-নির্বাচিত এরিক জার্টলার বলেন, "নিউ ইয়র্ক-এর অর্থনীতি পুনঃনির্মাণ প্রক্রিয়ায় অবশ্যই স্টেটের পর্যটন শিল্পকে পুনরায় জাগিয়ে তোলার বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে হবে। এই গ্রীষ্মজুড়ে সমগ্র স্টেটে দেখার মতো অসাধারণ সমস্ত জায়গা এবং বিনোদনের ব্যাপারে স্থানীয় বাসিন্দা এবং ভিজিটরদেরকে ফের এই ক্যাম্পেনের মাধ্যমে জানানো হবে। যারা এর অংশ হতে চান আমরা তাদের স্বাগত জানাতে প্রস্তুত। নিউ ইয়র্ক-এর অনন্য আকর্ষণগুলির অভিজ্ঞতালাভ করতে এবং এক্সপ্লোর করতে বেড়াতে যাওয়ার একটি প্ল্যান তৈরি করতে এর চেয়ে আর ভালো সময় পাওয়া যাবে না।"

নিউ ইয়র্ক স্টেট এগজিকিউটিভ ডিরেক্টর অব ট্যুরিজম ডি. লেভি বলেন, "নিউ ইয়র্ক-এ অনেক বিশ্বমানের আকর্ষণ রয়েছে যা আমরা উপভোগ করতে পারি এবং এই গ্রীষ্মে স্টেট যা অফার করছে তা ঘুরে দেখতে ভিজিটরদের আমন্ত্রণ জানাতে আমরা প্রস্তুত। I LOVE NY এটির সমস্ত প্রচারমূলক প্ল্যাটফর্মের কার্যকারিতাকে কাজে লাগাবে এবং স্থানীয় ও আঞ্চলিক ট্যুরিজম ইন্ডাস্ট্রি পার্টনারদের সাথে কাজ করবে যাতে নিশ্চিত করা যায় যে আমরা এম্পায়ার স্টেটের বিবিধ এবং আকর্ষণীয় অংশগুলি পরিবার ও বন্ধুবান্ধবদের সাথে ঘুরে দেখার জন্য যারা ইচ্ছুক তাদের আমরা আমন্ত্রণ জানাতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট ট্যুরিজম অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ারপার্সন ক্রিস্টিন নিকোলাস বলেন, "অতীতে এরকম বহু নজির রয়েছে যে অভাবনীয় চ্যালেঞ্জকে পরাজিত করে নিউ ইয়র্ক স্টেট আবার ঘুরে দাঁড়িয়েছে। আমরা যখন ফের একবার সমগ্র বিশ্বের ভিজিটরদেরকে আমন্ত্রণ এবং স্বাগত জানাতে প্রস্তুত হচ্ছি, তখন এম্পায়ার স্টেটের অফার করা সমস্ত আকর্ষণগুলি গর্বের সাথে সেলিব্রেট এবং শেয়ার করার জন্য স্টেটের সমস্ত নিউ ইয়র্কবাসীরা প্রস্তু হয়েছেন। আমি খুব খুশি যে কঠিন সময়কে পার করে গভর্নর কুওমো এবং I LOVE NY পর্যটনের প্রচার চালিয়ে যাওয়ার ঐতিহ্য এবং এই শক্তিশালী অর্থনৈতিক ইঞ্জিনে বিনিয়োগ জারি রাখছেন। খুব ভালো!"

2 জুন গভর্নর কুওমো স্টেটের পর্যটন শিল্পকে পুনরায় জাগিয়ে তুলতে $40 গ্লোবাল ক্যাম্পেন ঘোষণা করেছেন। স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক- সমস্ত রকমের পর্যটককে নিউ ইয়র্ক স্টেট স্বাগত জানানোর প্রস্তুতি শুরু করায় এই গ্রীষ্ম, শরৎ এবং শীতের মরসুম জুড়ে স্টেটের সমস্ত অঞ্চলে এই ক্যাম্পেনের মাধ্যমে পর্যটনের আকর্ষণগুলির প্রচার করা হবে।

এই ক্যাম্পেনের প্রথম স্পটে নিউ ইয়র্ক শহরের গন্তব্য, আকর্ষণ, মনোরম দৃশ্য এবং শব্দের উপর হাইলাইট করা হয়। এতে নিউ ইয়র্ক শহরের আইকনিক জিনিসগুলি দেখানো হয় যেমন ওয়াশিংটন (Washington) স্কোয়ার পার্ক, ময়নিহান (Moynihan) ট্রেন হল, টাইমস স্কয়ার (Times Square) এবং স্ট্যাচু অফ লিবার্টি (Statue of Liberty), যা ক্লাসিক স্ট্যান্ডার্ডের প্রেক্ষাপটে সেট করা হয়েছে *"New York, New York-এর থিম।"* নিউ ইয়র্ক-স্টাইলের পিৎজা, দ্য সেন্ট্রাল পার্ক জু এবং চায়নাটাউনে রয়েছে নিউ ইয়র্ক এর প্রকৃত ছোঁয়ার মতো বিভিন্ন দৃশ্য যেমন MTA সাবওয়ে ট্রেন, Staten আইল্যান্ড ফেরি, ব্রডওয়ে এবং রাতের আলোকময় নিউ ইয়র্ক শহরের দিগন্ত। স্টেটের বিশাল এবং বিখ্যাত শিল্পের নেটওয়ার্ক,

বিনোদন, খেলা, সাংস্কৃতি, ব্যবসা এবং খাদ্য রসিকদের জন্য নানা অফারিংয়ে স্টেটের সংমিশ্রণ হিসাবে প্রচারের মাধ্যমে নিউ ইয়র্ক শহরের ভূমিকা হাইলাইট করা হয়।

গভর্নরের প্রশাসনের মাধ্যমে পর্যটন ক্ষেত্রে ঐতিহাসিক বিনিয়োগের ফলে রেকর্ড সংখ্যায় পর্যটকরা অর্থ খরচ করেছেন, যা অর্থনীতিতে ইতিবাচক প্রভাব তৈরি করেছে, হাজার হাজার কর্মসংস্থান তৈরি করেছে তবে মহামারির সময় এই ক্ষেত্রটি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। নিউ ইয়র্ক স্টেট ধীরে ধীরে নিজের অর্থনীতির বিভিন্ন সেগমেন্টগুলি খুলে দিচ্ছে, যাতে আবার ভিজিটরদের আমন্ত্রণ জানানো যায়। ভ্রমণপিপাসুরা মহামারির পর ফের একবার যখন বেড়ানোর পরিকল্পনা তৈরি করছেন, তখন নিউ ইয়র্ক স্টেট চাইছে অবিস্মরণীয় একটি ছুটি কাটাতে অনেক বিকল্প সহ নিরাপদ গন্তব্য হিসাবে সম্ভাব্য ভিজিটররা যেন এম্পায়ার স্টেটকে বিবেচনা করেন। স্টেটের সব কিছু যখন ধীরে ধীরে খুলছে তখন এই নতুন ক্যাম্পেনের মাধ্যমে স্টেটের সর্বাধিক আকর্ষণীয় গন্তব্যগুলি হাইলাইট করা হবে, যাতে স্টেটের পর্যটন শিল্পকে ফের জাগিয়ে তোলা যায় এবং অর্থনীতিকে শক্তিশালী করা যায়।

নিউ ইয়র্ক স্টেটজুড়ে থাকা বিভিন্ন আকর্ষণের ব্যাপারে আরও তথ্যের জন্য দেখুন iloveny.com/summer.

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন